*মূল শব্দাবলীঃ*
*সহ্য করা/শক্ত*
*পরীক্ষা*
*অসুন্দর/ অশুভ*
*ভাল*

**Majlis Ugama Islam Singapura**
**Friday Sermon**
**11 September 2026 / 29 Rabiulawal 1448H**

# নববী পথনির্দেশ: ধৈর্য, আশা ও নবউদ্যম

**إِنَّ الْحَمْدَ لِلّهِ، نَحْمَدُهُ وَنَسْتَعِينُهُ وَنَسْتَغْفِرُهُ، وَنَعُوذُ بِاللهِ مِنْ شُرُورِ أَنْفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا، مَنْ يَهْدِهِ اللهُ فَلاَ مُضِلَّ لَهُ، وَمَنْ يُضْلِلْ فَلاَ هَادِىَ لَهُ، وَأَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِيْنَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ ٱللَّهِ، ٱتَّقُوا ٱللَّهَ. قَالَ تَعَالَى فِي التَّنْزِيل: يَـٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ ٱتَّقُواْ ٱللَّهَ حَقَّ تُقَاتِهِۦ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنتُم مُّسْلِمُونَ.**

**হে মুমিনগণ, আল্লাহ আপনাদের প্রতি রহমত বর্ষণ করুন,**

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলাকে ভয় করুন এবং তাকওয়া অবলম্বন করুন। তাঁর নির্দেশসমূহ যথাযথভাবে পালন করুন এবং তাঁর নিষেধসমূহ থেকে বিরত থাকুন।

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা যেন আমাদের জীবনের প্রতিটি পরীক্ষা ও কঠিন পরিস্থিতি ধৈর্য ও দৃঢ়তার সঙ্গে মোকাবিলা করার শক্তি দান করেন। আমীন, ইয়া রব্বাল আলামীন।

**সম্মানিত মুসল্লিবৃন্দ,**

মক্কায় রাসুলুল্লাহ (সাঃ)-এর নবুওয়াতের দায়িত্ব পালনের সূচনালগ্নে তৎকালীন সমাজ ঈমান ও সামাজিক জীবনের নানা সমস্যায় নিমজ্জিত ছিল। মূর্তিপূজা, জুলুম-নির্যাতন, দুর্নীতি এবং এ ধরনের অসংখ্য অনাচার সমাজকে গ্রাস করেছিল।

সেই অজ্ঞতা ও অন্ধকারের যুগে (*জাহিলিয়াত*) রাসুলুল্লাহ (সাঃ) রহমত ও করুণার বার্তা নিয়ে আবির্ভূত হলেন। তিনি মানুষকে একত্ববাদের প্রতি, কল্যাণ ও সৎকর্মের প্রতি এবং ন্যায়বিচারের প্রতি আহ্বান জানালেন। তিনি মানবজাতিকে অবক্ষয় ও অধঃপতনের গভীরতা থেকে মর্যাদা ও মহত্ত্বের উচ্চ শিখরে উন্নীত করার পথ দেখালেন।

**প্রিয় মুসল্লিবৃন্দ,**

যদিও রাসুলুল্লাহ (সাঃ) একজন মহৎ ও সম্মানিত ব্যক্তি হিসেবে সর্বজনবিদিত ছিলেন, তবুও তাঁকে প্রায়ই অত্যন্ত হৃদয়বিদারক আচরণের সম্মুখীন হতে হয়েছে। কাবার সামনে নামাজরত অবস্থায় তাঁকে অপমান করা হয়েছে; সিজদারত অবস্থায় তাঁর ওপর ময়লা-আবর্জনা নিক্ষেপ করা হয়েছে; এমনকি একবার তাঁর নিজের পোশাক দিয়েই তাঁকে শ্বাসরোধ করে হত্যার চেষ্টা করা হয়েছিল। পরে আবু বকর রাদিয়াল্লাহু আনহু তাঁকে উদ্ধার করেন।

যে মানুষগুলো একসময় তাঁকে *আস-সাদিক আল-আমিন*—অর্থাৎ সর্বাধিক সত্যবাদী ও বিশ্বস্ত—বলে অভিহিত করত, তারাই পরবর্তীতে তাঁকে মিথ্যাবাদী বলে আখ্যায়িত করতে শুরু করল। তারা তাঁর প্রতি বিমুখ হলো, তাঁকে উপহাস করল, অপমান করল, তাঁর বিরুদ্ধে অপবাদ রটাল এবং এমনকি তাঁকে হত্যার চেষ্টাও করল।

কিন্তু এত কিছুর পরও রাসুলুল্লাহ (সাঃ) তাঁর চারপাশের অসুন্দর ও নিকৃষ্ট আচরণকে তাঁর মহত্ত্ব, কল্যাণপরায়ণতা ও কোমল হৃদয়কে কলুষিত করতে দেননি। তিনি ধৈর্য ধারণ করেছেন, সবকিছু সহ্য করেছেন এবং তাঁর মহান চরিত্রের ওপর অবিচল থেকেছেন।

এই ধৈর্য ও অবিচলতা অসাধারণ ফল বয়ে এনেছিল। যারা একসময় তাঁর ঘোর বিরোধী ও শত্রু ছিল, তাদের কেউ কেউ পরবর্তীতে তাঁর রক্ষক ও সহযোগীতে পরিণত হয়েছিল এবং দ্বীনের প্রচার ও প্রসারে তাঁর পাশে দাঁড়িয়েছিল।

রাসুলুল্লাহ (সাঃ)-এর অবিচল ধৈর্যের কারণেই মক্কায় ইসলামের সূচনালগ্নে তার আলো নিভে যায়নি; এমনকি মদিনায় একের পর এক পরীক্ষা ও কঠিন পরিস্থিতির ঢেউ আছড়ে পড়লেও ইসলামের সেই আলো নিভে যায়নি। রাসুলুল্লাহ (সাঃ) এর পবিত্র শিক্ষা এবং তাঁর সমগ্র জীবনজুড়ে ধারণ করা মহান মূল্যবোধ তাঁর ইন্তেকালের সঙ্গে শেষ হয়ে যায়নি। বরং স্থান ও কালের সীমানা অতিক্রম করে, আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার ইচ্ছায়, তা আজ আমাদের কাছেও পৌঁছে গেছে।

একজন মুসলমানের জীবন ও নৈতিকতাকে পরিচালিত করে এমন প্রতিটি আদেশ ও নিষেধের উৎস সেই মহান ব্যক্তিত্বের জীবন ও আদর্শ, যিনি কখনোই তাঁর চারপাশের নেতিবাচক পরিবেশ দিয়ে তাঁর চরিত্রকে কলুষিত করতে দেননি।

## হে আমার ভাই ও বোনেরা,

আমরা রাসুলুল্লাহ মুহাম্মদ (সাঃ) এর উম্মত। তাই আমাদের আচরণ ও চরিত্রে তাঁর ধৈর্য, অবিচলতা ও মহত্ত্বের প্রতিফলন থাকা উচিত। একই সঙ্গে যুগের পর যুগ ইসলামের অগ্রযাত্রা ও প্রসারে আমাদেরও অবদান রাখা উচিত।

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা সূরা ফুসসিলাতের ৩৪ নম্বর আয়াতে ইরশাদ করেন:

وَلَا تَسْتَوِى ٱلْحَسَنَةُ وَلَا ٱلسَّيِّئَةُ ۚ ٱدْفَعْ بِٱلَّتِى هِىَ أَحْسَنُ فَإِذَا ٱلَّذِى بَيْنَكَ وَبَيْنَهُۥ عَدَٰوَةٌ كَأَنَّهُۥ وَلِىٌّ حَمِيمٌ ﴿٣٤﴾

অর্থঃ *সৎকর্ম ও অসৎকর্ম কখনো সমান নয়। তুমি অসৎকর্মকে এমন আচরণ দ্বারা প্রতিহত করো, যা উত্তম। তাহলে দেখবে, যার সঙ্গে তোমার শত্রুতা ছিল, সে যেন তোমার অন্তরঙ্গ বন্ধুর মতো হয়ে গেছে।*

এটাই হলো সেই ধৈর্য ও অবিচলতার চেতনা, যা আমাদের নিজেদের মধ্যে গড়ে তুলতে হবে—অর্থাৎ অসুন্দর ও মন্দ আচরণের জবাব আরও উত্তম আচরণের মাধ্যমে দেওয়া। হে আমার ভাই ও বোনেরা, এই পৃথিবীতে অন্যায় ও অনাচার সবসময়ই থাকবে। কখনো কখনো আমরা এমন কিছু দেখি বা পড়ি, যা মুহূর্তের জন্য মানবতার প্রতি আমাদের বিশ্বাসকে নড়বড়ে করে দিতে পারে।

রাসুলুল্লাহ (সাঃ) ও এমন অনেক অন্যায় ও অনাচার প্রত্যক্ষ করেছেন এবং নিজের জীবনে এমন বহু কষ্টের অভিজ্ঞতার মধ্য দিয়ে গেছেন, যা আমাদের বর্তমান অভিজ্ঞতার চেয়েও অনেক বেশি কঠিন ছিল। তবুও তিনি সেসব প্রতিকূলতাকে অতিক্রম করেছেন এবং সমগ্র বিশ্বের জন্য ইসলামের শিক্ষা ও মূল্যবোধ রেখে গেছেন।

তাই মনে রাখুন—আমরা যখনই নানা চ্যালেঞ্জ ও সংকটে ভারাক্রান্ত হই না কেন, তবুও সৎকর্ম ও কল্যাণের পথ বেছে নেওয়া অব্যাহত রাখব। কখনো হাল ছেড়ে দেব না। আমাদের বিশ্বাস রাখতে হবে যে, আমরা যে ভালো কাজ করি, তা ক্রমেই বিকশিত হতে থাকবে এবং একসময় তার সুফল প্রকাশ পাবে; আর এভাবেই আমরা আরও শক্তিশালী, সুন্দর ও উত্তম সমাজ গড়ে তুলতে পারব।

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা যেন আমাদের এমন শক্তি দান করেন, যাতে আমরা প্রতিটি অসুন্দর ও প্রতিকূলতার জবাব প্রজ্ঞা, ঈমান ও কল্যাণের মাধ্যমে দিতে পারি। আমীন, ইয়া রব্বাল আলামীন।

أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.

# Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

**সম্মানিত মুসল্লিবৃন্দ,**

সম্প্রতি নেপালে ভয়াবহ বন্যার ঘটনা ঘটেছে, যার ফলে দেশটির প্রায় ৯৩,০০০ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে।

এই দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়াতে রহমাতান লিল আলামিন ফাউন্ডেশন (RLAF) ৫০,০০০ সিঙ্গাপুর ডলারের সহায়তা প্রদানের অঙ্গীকার করেছে এবং ক্ষতিগ্রস্তদের সাহায্যের জন্য একটি তহবিল সংগ্রহ কার্যক্রমও শুরু করেছে।

৭ থেকে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত সরাসরি মসজিদগুলোতে অনুদান প্রদান করা যাবে। এছাড়াও, এই তহবিল সংগ্রহের পোস্টারে প্রদর্শিত QR কোডের মাধ্যমে অনলাইনেও অনুদান প্রদান করা যাবে। সংগৃহীত প্রতিটি অনুদান সিঙ্গাপুর রেড ক্রসের মাধ্যমে প্রয়োজনগ্রস্ত মানুষের কাছে পৌঁছে দেওয়া হবে।

আসুন, আমরা যার যার সামর্থ্য অনুযায়ী এই মানবিক উদ্যোগে অবদান রাখি। একই সঙ্গে দোয়া করি, আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা যেন আমাদের এই সহমানবদের দুর্দশা ও কষ্ট লাঘব করে দেন এবং আমাদের প্রত্যেকের জীবনের সব বিষয় সহজ করে দেন।

আমীন, ইয়া রব্বাল আলামীন।

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَالَ فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ انْصُرْ إِخْوَانَنَا اْلمُسْتَضْعَفِيْنَ فِي غَزَّة وَفِي فِلِسْطِينَ وَفِيْ كُلِّ مَكَانٍ عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ

**يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.**